

তারিখ: ০১/০৮/২০২৩ খ্রি.

২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমের প্রাথমিক আবেদন সংক্রান্ত বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে রাঙ্গামাটি সরকারি কলেজে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণির ভর্তি কার্যক্রমে অনলাইনে প্রাথমিক আবেদন আগামী ০২/০৮/২০২৩ হতে ৩০/০৮/২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত চলবে। এ ভর্তি কার্যক্রমে আবেদনকারীর SSC ও HSC পরীক্ষার ফলাফলের ভিত্তিতে মেধা তালিকা প্রণয়ন করা হবে। বিস্তারিত ওয়েবসাইট www.nu.ac.bd/admission থেকে জানা যাবে।

১। আবেদনের যোগ্যতা:

- (ক) বাংলাদেশের স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/উনুস্ক বিশ্ববিদ্যালয় থেকে ২০১৮/২০১৯/২০২০ সালের SSC বা সমমান পরীক্ষায় কমপক্ষে ২.০ এবং ২০২০/২০২১/২০২২ সালের HSC বা সমমান পরীক্ষায় কমপক্ষে ২.০ প্রাপ্ত হতে হবে।
- (খ) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড থেকে উল্লিখিত শর্তপূরণ সাপেক্ষে এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে।
- (গ) ২০১৮/২০১৯/২০২০ সালের O-Level পরীক্ষায় ৩টি বিষয়ে “বি” গ্রেডসহ অন্তত ৪টি বিষয়ে উত্তীর্ণ এবং ২০২০/২০২১/২০২২ সালের A-Level পরীক্ষায় ১টি বিষয়ে “বি” গ্রেডসহ কমপক্ষে ২টি বিষয়ে উত্তীর্ণরা অন্যান্য শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে। তবে এ সকল প্রার্থীরা ভর্তিচ্ছু প্রতিষ্ঠানের নাম, কোর্সের নাম, মোবাইল নম্বর উল্লেখসহ ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর সরাসরি/ইমেইল এ্যাড্রেসে (degpassnu@gmail.com) আবেদন প্রেরণ করবে।
- (ঘ) বিদেশী সার্টিফিকেটধারী প্রার্থীদের ক্ষেত্রে বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড কর্তৃক SSC/HSC পর্যায়ে নম্বরপত্র সমতা নিরূপণ করা করা হলে অন্যান্য শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে। তবে এ সকল প্রার্থীরা ভর্তিচ্ছু প্রতিষ্ঠানের নাম, কোর্সের নাম, মোবাইল নম্বর উল্লেখসহ ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর সরাসরি/ইমেইল এ্যাড্রেসে (degpassnu@gmail.com) আবেদন প্রেরণ করবে।
- (ঙ) স্নাতক (পাস) ও স্নাতক (সম্মান) পর্যায়ে রেজিস্ট্রেশনকৃত কোন প্রার্থী ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে স্নাতক (পাস) নিয়মিত কোর্সে ভর্তি হতে পারবে না। তবে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল সাপেক্ষে এ ভর্তি কার্যক্রমে আবেদন করা যাবে। দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি বাতিল বলে গণ্য হবে।

২। আবেদনকারীর করণীয়:

- (ক) আবেদনকারী জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট এর Degree Pass Tab এ গিয়ে Apply Now (Degree Pass) অপশন ক্লিক করে SSC ও HSC পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, শিক্ষা বোর্ড, পাশের সন, মোবাইল নম্বরসহ প্রদর্শিত তথ্য সঠিকভাবে এন্ট্রি দিবে এবং ডাউনলোড করে A-4 সাইজের অফসেট কাগজে প্রিন্টকপি সংগ্রহ করবে। আবেদনকারীকে রঙিন ছবি (120×150 pixels, image type: jpg এবং maximum file size: 50kb) Scan করে আপলোড করতে হবে।
- (খ) আবেদনকারীকে <https://sbl.com.bd:7070>-এ গিয়ে National University Fees মেন্যু থেকে Fee Payment ট্যাব থেকে Application Fee ক্লিক করে প্রদর্শিত তথ্য সঠিকভাবে এন্ট্রি দিয়ে আবেদন ফি ২৫০/- (দুই শত পঞ্চাশ) টাকা আগামী ০২/০৮/২০২৩ তারিখের মধ্যে জমা দিতে হবে। এ ক্ষেত্রে প্রার্থীদের প্রাথমিক আবেদন ফরম কলেজ কর্তৃক নিশ্চায়ন করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর মোবাইল নম্বরে SMS প্রেরণ করা হবে।



(প্রফেসর ডুয়ার কান্তি বড়ুয়া)
অধ্যক্ষ

রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা



আহ্বায়ক

২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কমিটি
রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা

বিতরণ:

- ১। উপাধ্যক্ষ, অত্র কলেজ, রাঙ্গামাটি;
- ২। সম্পাদক, শিক্ষক পরিষদ, অত্র কলেজ, রাঙ্গামাটি;
- ৩। আহ্বায়ক, ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কমিটি, অত্র কলেজ, রাঙ্গামাটি;
- ৪। হিসাব সহকারী, অত্র কলেজ, রাঙ্গামাটি;
- ৫। ডাটা এন্ট্রি অপারেটর, অত্র কলেজ, রাঙ্গামাটি। তাকে বিজ্ঞপ্তিটি কলেজের ওয়েবসাইটে আপলোড করতে নির্দেশ দেয়া সেক্ষেত্রে;
- ৬। সংরক্ষণ নথি।